

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

জরুরী বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিই- ৮৭

তারিখ : ১০/০৮/২০১৫

ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি টার্ম ফাইনাল পরীক্ষা চলাকালীন সময়ে একজন ছাত্রের নিকট পরীক্ষার বিষয় সম্পর্কিত তথ্যসহ একটি স্মার্ট মোবাইল ফোন পাওয়া যায় যা দেখে ছাত্রটিকে উত্তরপত্রে উত্তর প্রদান করতে দেখা যায়। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে।

গত ১১/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল অধিবেশনের সিদ্ধান্তটি নিম্নে উদ্ধৃত করা হলঃ

“১। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংক্রান্ত কোন লিখিত কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) থাকা অপরাধ। পরীক্ষার্থীর নিকট এইরূপ কোন কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে অথবা এইরূপ কোন সূত্র হইতে নকল করিলে বা নকল করিবার চেষ্টা করিলে (ক) পরীক্ষার্থীর নিকট পাওয়া লিখিত ঐ কাগজ বা electronic মাধ্যম বাজেয়াপ্তকরণ; (খ) পরীক্ষার্থীকে তৎক্ষণাতঃ পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার; (গ) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (ঘ) পরীক্ষার্থীকে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।

২। পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন কোন লেখা, অপ্রাসংগিক কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) পরীক্ষার্থীর নিকট থাকা অপরাধ। এইরূপ লেখা, কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে (ক) ঐগুলি আটক; এবং (খ) ভবিষ্যতের জন্য পরীক্ষার্থীকে সতর্ক করা হইবে।”

স্মরণ করানো যাচ্ছে যে, পরীক্ষার হলে মোবাইল ফোন সঙ্গে রাখা অপরাধ। পরীক্ষার কক্ষে মোবাইল ফোন সঙ্গে না রাখার জন্য পুনরায় ছাত্র/ছাত্রীদেরকে নির্দেশ দেয়া হল। যদি কেহ মোবাইল ফোন নিয়ে আসে তবে ফোনটি switch off করে নিজ ব্যাগে রাখবে অথবা নিজ দায়িত্বে শিক্ষকের সামনের টেবিলে রাখবে।

এ ব্যাপারে সকল ছাত্র/ছাত্রীদেরকে আরো সচেতন হওয়ার জন্য পরামর্শ দেয়া হল।


10-8-2015

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই-৮৭(৬০)

তারিখ : ১০/০৮/২০১৫

অনুলিপি :

১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা

২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা

৩। ছাত্রকল্যাণ পরিচালক, প্রঃ বিঃ, ঢাকা

৪। পরীক্ষার্থীর প্রঃ বিঃ, ঢাকা